

নয়া দিগন্ত

ছাগলনাইয়ার তারেক মেমোরিয়াল হাসপাতাল

স্বল্পমূল্যে আধুনিক চিকিৎসা

আবুল হাসান ছাগলনাইয়া (ফেনী)

১৩ অক্টোবর ২০১৫, মঙ্গলবার, ০০:০০



তারেক মেমোরিয়াল হাসপাতালের বহিরাঙ্গন : নয়া দিগন্ত

ফেনীর ছাগলনাইয়ায় তারেক মেমোরিয়াল হাসপাতাল এলাকার দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে স্বল্পমূল্যে আধুনিক উন্নত চিকিৎসাসেবা দিয়ে যাচ্ছে। উপজেলা পর্যায়ে টার্প অপারেশন, প্রস্টেট অপারেশন, পিণ্ডের পাথর, টেনডন রিপেয়ারসহ বিভিন্ন রোগের সফল চিকিৎসা দিয়ে ইতোমধ্যে হাসপাতালটি ফেনী জেলায় স্বাস্থ্য ও চিকিৎসা ক্ষেত্রে একটি মডেল হিসেবে স্বীকৃতি পেয়েছে।

জানা যায়, নর্থ সাউথ ইউনিভার্সিটির বর্তমান চেয়ারম্যান, এফবিসিসিআইর সাবেক সভাপতি, সাউথ ইস্ট ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, ছাগলনাইয়ায় এম এ কাসেম কমপ্লেক্স, এম এ কাসেম ফাউন্ডেশন, দারোগারহাট আবুল কাসেম ইসলামিয়া আলিম মাদরাসা, দক্ষিণ বল্লভপুর স্কুল অ্যান্ড কলেজ, ছাগলনাইয়া অ্যাকাডেমি, আয়েশা (রা:) মহিলা মাদরাসাসহ বহু শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ও পৃষ্ঠপোষক এবং তারেক মেমোরিয়াল হাসপাতালের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আলহাজ এম এ কাসেমের জন্ম ফেনীর ছাগলনাইয়া উপজেলার দক্ষিণ বল্লভপুর গ্রামে।

তার একমাত্র ছেলে তরুণ আইটি ইঞ্জিনিয়ার মঈন উদ্দিন কাসেম তারেক মাত্র ২১ বছর বয়সে ১৯৯৬ সালের ১৪

আগস্ট নিখোঁজ হন। ছেলের স্মৃতি রক্ষার্থে এম এ কাসেম বিভিন্ন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সাথে ছাগলনাইয়ায় এই তারেক মেমোরিয়াল হাসপাতাল প্রতিষ্ঠা করেছেন। ছেলে হারানোর শোক নিয়ে হাসপাতালটির জন্য নিজের বয়সের ভার উপেক্ষা করে নিরলস পরিশ্রম করে যাচ্ছেন এম এ কাসেম। জীবনের বেশির ভাগ সময় দেশ-বিদেশের শহরে শহরে কাটালেও বর্তমানে প্রাচুর্য বিমুখ হয়ে তিনি ছাগলনাইয়ায় তার প্রতিষ্ঠিত মাদরসা, মসজিদ, মক্তব, স্কুল- কলেজ ও হাসপাতাল নিয়ে বেশির ভাগ সময় কাটান।

ঢাকা-চট্টগ্রাম পুরাতন মহাসড়কের ছাগলনাইয়ার বাঁশপাড়ায় মনোরম প্রাকৃতিক পরিবেশে তিন বিঘা জায়গা নিয়ে দুই বিঘার ওপর পঁচিশ হাজার বর্গফুটের দ্বিতলা ভবনে জরুরি বিভাগসহ একটি পূর্ণাঙ্গ হাসপাতালের সর্বাধুনিক চিকিৎসাসেবা কার্যক্রম চলছে এই হাসপাতালে। হাসপাতালটিতে এ পর্যন্ত প্রায় সাত হাজার রোগী ইনডোর ও আউটডোরে চিকিৎসাসেবা নিয়েছেন বলে জানা গেছে। হাসপাতালটিতে বর্তমানে ২০ জন ডাক্তার, ১৫ জন নার্সসহ ৫৫ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত রয়েছেন। রোগীদের সার্বক্ষণিক সেবা দিতে দু'টি অ্যাম্বুলেন্স রয়েছে।

হাসপাতালটির আবাসিক মেডিক্যাল অফিসার ডা: সোহেল মাহমুদ জানান, তারেক মেমোরিয়াল হাসপাতালে ২৪ ঘন্টা যেকোনো ধরনের রোগীর সেবা দিতে তারা প্রস্তুত।

সিনিয়র কনসালট্যান্ট ডা: জাহাঙ্গীর আলম চৌধুরী জানান, আমরা ইতোমধ্যে ঢাকা-চট্টগ্রাম ছাড়া করানো যায় না এমন জটিল ও কঠিন রোগের সফল অপারেশন তারেক মেমোরিয়াল হাসপাতাল করেছি।

জনসংযোগ কর্মকর্তা লে. (অব:) নেপাল চন্দ্র নাথ বলেন, এ হাসপাতালে এসে সেবা না নিয়ে কাউকে ফিরে যেতে হয় না। হাসপাতাল কর্তৃপক্ষ সবসময় রোগীর সুবিধা-অসুবিধা বিবেচনায় রাখেন।

হাসপাতালটির প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আলহাজ এম এ কাসেম জানান, নিজের জন্মভূমি এলাকার মানুষের প্রতি ভালোবাসা ও দরিদ্র জনগোষ্ঠীর দোরগোড়ায় আধুনিক চিকিৎসাসেবা পৌঁছে দিতে এবং একমাত্র ছেলের স্মৃতি রক্ষার্থে তিনি তারেক মেমোরিয়াল হাসপাতালটি প্রতিষ্ঠা করেছেন।



সম্পাদক: আলমগীর মহিউদ্দিন, প্রকাশক: শামসুল হুদা

১৬৭/২-ই, ইনার সার্কুলার রোড, ইডেন কমপ্লেক্স, মতিঝিল, ঢাকা-১০০০।

ফোন: ৭১৯১০১৭-৯, ৭১৯৩৩৮৩-৪

সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত | নয়া দিগন্ত ২০১৫